



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.১২৮

তারিখ: ১৮.০৬.২০২৩ খ্রি.

বিষয়: পরিপূর্ণভাবে নতুন কারিকুলাম বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাধ্যমিক স্তরের শিক্ষকদের নতুন শিক্ষাক্রম বাস্তবায়নের জন্য ০৫ (পাঁচ) দিন ব্যাপী প্রশিক্ষণ, শিক্ষক সহায়িকা ও মূল্যায়ন নির্দেশিকা প্রদান করা হয়েছে। এছাড়াও মুক্ত পাঠের মাধ্যমে মূল্যায়ন সংক্রান্ত অনলাইন কোর্স সম্পন্ন হয়েছে। সম্প্রতি লক্ষ করা যাচ্ছে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কোন কোন শিক্ষক সে অনুসারে শিক্ষার্থীদের পাঠদান করছেন না, যা চাকুরির শৃঙ্খলার পরিপন্থী। এক্ষেত্রে শিক্ষকগণকে শ্রেণি পাঠদান ও মূল্যায়ন সংক্রান্ত প্রশিক্ষণ লক্ষ্যজ্ঞান, অভিজ্ঞতা এবং শিক্ষক সহায়িকা (TG) অনুসরণপূর্বক পাঠদান করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এছাড়া যে সকল প্রতিষ্ঠানের শিক্ষকগণ প্রশিক্ষণ ও শিক্ষক সহায়িকা (TG) অনুসরণপূর্বক শিক্ষার্থীদের পাঠদান করছেন না তাঁদের তথ্য প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন। যে সকল শিক্ষক প্রশিক্ষণ লক্ষ্যজ্ঞান ও শিক্ষক সহায়িকা (TG) অনুসারে পাঠদান করছেন না তিনি এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

18/06/2023

(এস এম জিয়াউল হায়দার হেমরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)

☎ ৪১০৫০১১৮

addshesecondary2@gmail.com

বিতরণ:

- ১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল)
- ২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
- ০৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড (সকল)
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০৬। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০৭। স্কিম পরিচালক, ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০৮। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
[পত্রের নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ০৯। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
[পত্রের নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ১১। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
[পত্রের নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ১২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
[পত্রের নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ১৩। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ১৪। সংরক্ষণ নথি।